## ★★ বিশেষ চাহিদার জনগোষ্ঠী : প্রতিবন্ধী

১. 'বিশেষ চাহিদার জনগোষ্ঠী' কারা? [জ্ঞান]
ক শিশুরা
খ প্রতিবন্ধীরা
গ সাধারণ মানুষেরা
ঘ এইডস আক্রান্তরা — খ

২. কোন সংস্থার রিপোর্ট অনুযায়ী বাংলাদেশে ১৭ মিলিয়ন মানুষ কোনো না কোনোভাবে প্রতিবন্ধী? [দি. বো.; রা. বো. '১৫]
ক জাতিসংঘ খ ইউনিসেফ
গ ইউনেস্কো
ঘ বিশ্ব স্বাস্থ্য সংস্থা — ক

৩. বিশ্ব প্রতিবন্ধী দিবস পালন করা হয় কেন? [অনুধাবন]
ক বিশ্বে সচেতনতা বৃদ্ধি করার জন্য
খ বিশ্বে সামাজিক উন্নয়নের জন্য
গ বিশ্বে রাজনৈতিক মতাদর্শের জন্য
ঘ বিশ্বে সাংস্কৃতিক উন্নতির জন্য — ক

৪. অনুন্নত দেশসমূহের প্রতিবন্ধী ব্যক্তিরা কীরূপ জীবন যাপন করে? [অনুধাবন]
ক উন্নত খ পরাশ্রয়ী
গ স্বাধীন ঘ স্বাভাবিক — খ

৫. অটিজম কী? [জ্ঞান]
ক হাত বা পা ত্রুটিপূর্ণ হওয়া
খ বাইপোলার ডিজঅর্ডার
গ মস্তিষ্কের স্বাভাবিক বিকাশে জটিল প্রতিবন্ধকতা
ঘ আংশিক দৃষ্টিহীনতা — গ

৬. 'Low vision' অর্থ কী? [জ্ঞান]
ক দৃষ্টিহীনতা খ ক্ষীণদৃষ্টি
গ দৃষ্টি তীক্ষ্ণতা ঘ আংশিক দৃষ্টিহীনতা — খ

৭. শ্রবণ প্রতিবন্ধীতা কত প্রকার? [জ্ঞান]
ক ২ প্রকার খ ৩ প্রকার
গ ৫ প্রকার ঘ ৬ প্রকার — খ

৮. সেরিব্রাল পালসির বৈশিষ্ট্যসমূহ কয়টি? [জ্ঞান]
ক ৫টি খ ৭টি
গ ৯টি ঘ ১১টি — খ

৯. বাক প্রতিবন্ধী ব্যক্তি বলে বিবেচিত হবে— [অনুধাবন]
i. যারা একেবারেই কথা বলতে পারে না
ii. কণ্ঠনালী বা গলার স্বরে সমস্যা
iii. ক্ষীণ দৃষ্টি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii — ক

নিচের উদ্দীপকটি পড়ো এবং ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও।

ময়না একজন প্রতিবন্ধী মেয়ে। সবসময় তাকে ঘরে আটকে রাখে বাবা-মা। একদিন সকালে কাউকে কিছু না বলে বাড়ি থেকে বেরিয়ে যায় সে। অনেক খোঁজাখুঁজি করার পর পরিত্যক্ত একটি জায়গায় তার লাশ দেখতে পাওয়া যায়।

১০. উদ্দীপকে ময়নার প্রতি তার পরিবারের আচরণ কীরূপ ছিল? [প্রয়োগ]
ক সচেতন খ উদাসীন
গ বৈষম্যহীন ঘ নিরাপত্তাপূর্ণ — খ

১১. সামাজিকভাবে সচেতন হলে ময়নার মতো মেয়েরা যে সকল সুবিধা পাবে— [উচ্চতর দক্ষতা]
i. নিরাপত্তা
ii. কুসংস্কার থেকে মুক্তি
iii. সেবা ও সহযোগিতা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii — ঘ

## ★★ দুর্নীতি

১২. দুর্নীতি শব্দটির ইংরেজি প্রতিশব্দ হলো— [জ্ঞান]
ক Corruptus খ Corruption
গ Coreption ঘ Correction — খ

১৩. দুর্নীতি কী? [জ্ঞান]
ক শারীরিক ব্যাধি খ উপার্জনের উপায়
গ সামাজিক অধিকার ঘ সামাজিক ব্যাধি — ঘ

১৪. দ্রব্যমূল্যের সাথে কোনটি সম্পর্কযুক্ত? [আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল, ঢাকা]
ক জীবনমান খ দুর্নীতি
গ ভেজাল ঘ অস্থিরতা — খ

১৫. ভারতের কোন কমিটি ঘুষকে স্পিড মানি হিসেবে উল্লেখ করেছে? [ন্যাশনাল আইডিয়াল কলেজ, খিলগাঁও, ঢাকা]
ক শান্তারাম কমিটি খ সুনাগরিক কমিটি
গ সচেতন কমিটি ঘ জনফোরাম কমিটি — ক

১৬. অবৈধ পন্থায় জনস্বার্থবিরোধী কাজকে কী বলে? [মানিকগঞ্জ সরকারি মহিলা কলেজ, মানিকগঞ্জ]
ক স্বজনপ্রীতি খ চতুরতা
গ দুর্নীতি ঘ প্রতারণা — গ

১৭. দুর্নীতি নির্মূলের কার্যকর পদক্ষেপ কোনটি? [পল্লী উন্নয়ন একাডেমী ল্যাব. স্কুল এন্ড কলেজ, বগুড়া]
ক পারিবারিক মূল্যবোধ জাগিয়ে তোলা
খ দুর্নীতিবাজদের শাস্তি দেওয়া
গ কঠোর আইন প্রণয়ন করা
ঘ আইনের শাসন প্রণয়ন — গ

১৮. কীসের অভাবে দুর্নীতি জন্ম নেয়? [জ্ঞান]
ক নিরপেক্ষতা
খ বিচার বিভাগের স্বাধীনতা
গ সুশাসন ঘ দায়িত্বশীল সরকার — গ

১৯. স্বপ্নীল স্কুল অফিসে প্রশংসাপত্র আনতে গেলে কেরানি তার কাছে ২০০ টাকা দাবি করল। কেরানির আবদারটি কীসের মধ্যে পড়ে? [প্রয়োগ]
ক দুর্নীতি খ ন্যায়সঙ্গত
গ স্বাভাবিক ঘ বাধ্যবাধকতা — ক

২০. দুর্নীতির কাজে কীসের প্রয়োজন বেশি? [অনুধাবন]
ক মেধা খ মননশীলতা
গ ধূর্ত বুদ্ধি ঘ সৃজনশীলতা — গ

২১. প্রধান কর্তার টেবিলে দীর্ঘদিন কোনো কারণে ফাইল আটকা থাকলে কে দুর্নীতির সুযোগ গ্রহণ করে? [অনুধাবন]
ক প্রধানকর্তা খ পদস্থ কর্মকর্তা
গ অধস্তন কর্মচারী ঘ পরিচালক — গ

http://teachingbd.com

২২. যুবসমাজ কীসের প্রত্যাশায় বিপুল পরিমাণ ঘুষ দিতে বাধ্য হয়? [অনুধাবন]
ক কর্মক্ষেত্রে মর্যাদা বৃদ্ধির প্রত্যাশায়
খ বিদেশ যাওয়ার প্রত্যাশায়
গ চাকরির প্রত্যাশায়
ঘ সামাজিক মর্যাদা বৃদ্ধির প্রত্যাশায় **গ**

২৩. সামাজিক অস্থিরতা কীসের জন্ম দেয়? [অনুধাবন]
ক বেকারত্ব খ যৌতুকপ্রথা
গ দুর্নীতি ঘ মূল্যবোধের **গ**

২৪. কোনটি বাংলাদেশে লাগামহীনভাবে বেড়ে যাচ্ছে? [অনুধাবন]
ক দুর্নীতি খ নৈরাজ্য
গ দ্রব্যমূল্য ঘ অস্থিরতা **গ**

২৫. দুর্নীতি নির্মূলের কার্যকর পদক্ষেপ কোনটি? [অনুধাবন]
ক পারিবারিক মূল্যবোধ জাগিয়ে তোলা
খ দুর্নীতিবাজদের শাস্তি দেওয়া
গ কঠোর আইন প্রণয়ন
ঘ আইনের শাসন প্রতিষ্ঠা **ক**

২৬. কল্যাণমূলক রাষ্ট্রের প্রধান শর্ত হলো— [রা. বো. ১৫]
i. স্বচ্ছতা ii. জবাবদিহিতা
iii. দক্ষতা
নিচের কোনটি সঠিক?
ক i খ i ও ii
গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

২৭. দুর্নীতিবাজ লোকদের চিহ্নিত করে— [অনুধাবন]
i. অধিকার ও স্বাধীনতা দিতে হবে
ii. শাস্তি দিতে হবে
iii. তিরস্কার করতে হবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii **খ**

২৮. কর্মকর্তারা দুর্নীতিবাজে পরিণত হয়— [অনুধাবন]
i. বিলাসী জীবনের প্রত্যাশায়
ii. উচ্চাকাঙ্ক্ষার নেশা থেকে
iii. অল্প সময়ে ধনী হওয়ার প্রত্যাশায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও:
জনাব 'ক' একজন চাকরিজীবী। ইদানীং তার আয় বেড়ে গেছে। তিনি শহরে একটি বাড়ি ও একটি আধুনিক গাড়ি ক্রয় করেছেন। তার ব্যয় চাকরি হতে প্রাপ্ত আয়ের সাথে সামঞ্জস্যহীন। [কু. বো. ১৫]

২৯. জনাব 'ক' উক্ত ব্যয় নির্বাহ করেন কীসের মাধ্যমে? [প্রয়োগ]
ক বেতনের মাধ্যমে
খ অন্যান্য ব্যবসার মাধ্যমে
গ অতিরিক্ত কাজের মাধ্যমে
ঘ দুর্নীতির মাধ্যমে **ঘ**

৩০. জনাব 'ক'-র উক্ত কর্মকাণ্ড প্রতিরোধ ও নিয়ন্ত্রণ করার দায়িত্ব— [উচ্চতর দক্ষতা]
i. পরিবারের ii. সমাজের
iii. রাষ্ট্রের
নিচের কোনটি সঠিক?
ক i খ ii
গ iii ঘ ii ও iii **গ**

★ খাদ্যে ভেজাল

৩১. নিয়মিত ফরমালিনযুক্ত খাবার খেলে কোন রোগ হওয়ার সম্ভাবনা বৃদ্ধি পায়? [প্রয়োগ]
ক পঙ্গুত্ব খ জলবসন্ত
গ ক্যান্সার ঘ টাইফয়েড **গ**

৩২. খাদ্যে ভেজাল কোন ধরনের অপরাধ? [আজিমপুর গভ. গার্লস স্কুল এন্ড কলেজ, ঢাকা]
ক সামাজিক খ রাজনৈতিক
গ অর্থনৈতিক ঘ সাংস্কৃতিক **ক**

৩৩. খাদ্যে ভেজাল কী? [জ্ঞান]
ক উৎকৃষ্ট দ্রব্যের গুণগত মান যাচাই না করা
খ উৎকৃষ্ট খাদ্য দ্রব্যের সাথে নিকৃষ্ট খাদ্য দ্রব্যের মিশ্রণ
গ মেয়াদ উত্তীর্ণ খাদ্যদ্রব্য
ঘ নষ্ট খাদ্যদ্রব্য **খ**

৩৪. মুড়িতে কোন রাসায়নিক দ্রব্য মেশানো হয়? [জ্ঞান]
ক হাইড্রোজেন খ পিসিবি তৈল
গ কাঠের গুঁড়া ঘ ধানের কুড়া **ক**

৩৫. বাংলাদেশে ভোক্তা অধিকার রক্ষায় কোন সংস্থাটি কাজ করছে? [জ্ঞান]
ক কনজুমার এ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব)
খ ভোক্তা অধিকার ফোরাম
গ খাদ্য পরীক্ষা কেন্দ্র ঘ বি.এস.টি.আই **ক**

৩৬. বাংলাদেশ সংবিধানের ১৮(১) নং অনুচ্ছেদে কোনটি সম্পর্কে বলা হয়েছে? [জ্ঞান]
ক খাদ্য দ্রব্য সম্পর্কে
খ মৌলিক অধিকার সম্পর্কে
গ জনস্বাস্থ্য সম্পর্কে ঘ শিক্ষানীতি সম্পর্কে **গ**

৩৭. কয়ভাবে খাদ্যে ভেজাল সম্পন্ন হয়? [জ্ঞান]
ক ১ ভাবে খ ২ ভাবে
গ ৩ ভাবে ঘ ৪ ভাবে **খ**

৩৮. খাদ্য ভেজালরোধে করণীয়- [ব. বো. ১৫]
i. আইনের যথাযথ প্রয়োগ
ii. খাদ্যে ভেজাল সম্পর্কে ব্যাপক প্রচারণা
iii. ভেজাল প্রতিরোধে সামাজিক সচেতনতা সৃষ্টি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii **ঘ**

৩৯. খাদ্যে ভেজাল মিশানো বলতে বোঝায় খাদ্যের সাথে— [অনুধাবন] [আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল, ঢাকা]
i. নিম্নমানের খাদ্য মিশানো
ii. ফরমালিন মিশানো
iii. রঙ মিশানো
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii **ঘ**

৪০. খাদ্যে ভেজালের কারণ— [অনুধাবন]
i. অধিক মুনাফার লোভ
ii. যথার্থ শিক্ষার অভাব
iii. নৈতিকতা ও মনুষ্যত্ববোধের অভাব
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

Teachingbd.com

৪১. খাদ্যে ভেজাল মেশানোর সর্বোচ্চ শাস্তি হলো— [অনুধাবন]
i. ১০ বছরের কারাদণ্ড
ii. ১৪ বছরের কারাদণ্ড
iii. ২০ লক্ষ টাকা জরিমানা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ ii ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii  **খ**

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৪২ ও ৪৩ নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব রহিম উদ্দিন কাজী বাজার থেকে কিছু গুঁড়ো মসলা কিনলেন। নতুন অতিথিদের জন্য বড় বড় মাছ ও খাসির মাংস রান্না করলেন। মেহমানদের নিয়ে খেতে বসে লজ্জায় তার চেহারা কালো হয়ে গেল। কয়েকদিন পর তিনি ইলেকট্রনিক মিডিয়ার মাধ্যমে জানতে পারলেন গুঁড়ো মসলার সাথে কোম্পানিগুলো বিভিন্ন রং, ইটের গুঁড়ো ইত্যাদি মিক্সড করে বাজারজাত করছে।

৪২. উদ্দীপকের সাথে নিম্নের কোনটির মিল রয়েছে? [প্রয়োগ]
ক খাদ্যে ভেজাল মিশানো
খ ওজনে কম দেওয়া
গ জনগণের স্বাস্থ্যসম্মত করে তৈরি করা
ঘ পরিশুদ্ধকরণ  **ক**

৪৩. ইলেকট্রনিক মিডিয়া যে ক্ষেত্রে ভূমিকা রেখেছে— [উচ্চতর দক্ষতা]
i. জনস্বার্থ রক্ষা
ii. জনসচেতনতা সৃষ্টি
iii. কোম্পানিগুলোর অবৈধ কাজের মুখোশ উন্মোচন
**নিচের কোনটি সঠিক?**
ক i  খ ii
গ iii  ঘ i, ii ও iii  **ঘ**

## ★ ইভটিজিং তথা যৌন হয়রানির ধারণা

৪৪. আন্তর্জাতিক নারী দিবস কোনটি? [জ্ঞান]
ক ৮ মার্চ  খ ২৬ মার্চ
গ ২৮ মার্চ  ঘ ১৮ মার্চ  **ক**

৪৫. কবে হাইকোর্ট ইভটিজিংকে যৌন হয়রানি শব্দটি দ্বারা প্রকাশ করে আইনের অন্তর্ভুক্ত করার নির্দেশ প্রদান করে? [জ্ঞান]
ক ১ নভেম্বর ২০১০  খ ২ নভেম্বর ২০১০
গ ২৬ জানুয়ারি ২০১১
ঘ ২৭ জানুয়ারি ২০১১  **গ**

৪৬. ইভটিজিং শব্দটির আভিধানিক রূপ কী? [জ্ঞান] /ঢাকা কলেজ, ঢাকা/
ক অত্যাচার করা  খ উত্ত্যক্ত করা
গ নির্যাতন করা  ঘ পরিহাস করা  **খ**

৪৭. নারীরা ইভটিজিং-এর শিকার হন কেন? /চ. বো. '১০/
ক সু-শিক্ষার অভাবে
খ সামাজিক স্থিতিশীলতার অভাবে
গ সংস্কৃতির প্রভাবে
ঘ নগরায়ণের প্রভাবে  **ক**

৪৮. বর্তমানে ইভ শব্দের অর্থ কী? [জ্ঞান]
ক সমগ্র নারী জাতি  খ অসাম্প্রদায়িক নারী
গ উগ্রবাদী নারী  ঘ সংক্রান্ত নারী  **ক**

৪৯. ইভটিজিং শব্দটি কত সালে প্রথম মিডিয়াতে প্রকাশিত হয়? [জ্ঞান]
ক ১৯৬০ সালে  খ ১৯৬৫ সালে
গ ১৯৭০ সালে  ঘ ১৯৭৫ সালে  **ক**

৫০. ইভটিজিং প্রতিরোধে করণীয়— [অনুধাবন]
i. পারিবারিকভাবে সন্তানকে ধর্মীয় ও নৈতিক শিক্ষা দেওয়া
ii. যৌন হয়রানিকারকদের বিরুদ্ধে শাস্তির বিধান
iii. নারী-পুরুষের বৈষম্যতা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ ii ও iii
গ i ও iii  ঘ i, ii ও iii  **ক**

৫১. নারীর ক্ষমতায়ন নিয়ে কোন সংস্থা কাজ করছে? /রা. বো. '১০/
i. ইউনিয়ন পরিষদ
ii. উপজেলা পরিষদ
iii. বেসরকারি সংস্থা
**নিচের কোনটি সঠিক?**
ক i  খ ii
গ ii ও iii  ঘ i, ii ও iii  **ঘ**

৫২. ইভটিজিং প্রতিরোধে যেটা করা যেতে পারে— /দি. বো. '১০; রা. বো. '১০/
i. কর্মসংস্থানের ব্যবস্থা
ii. আইনের কঠোর প্রয়োগ
iii. নৈতিক মূল্যবোধ সৃষ্টি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ ii
গ ii ও iii  ঘ i, ii ও iii  **গ**

## ★★ জলবায়ুর পরিবর্তনজনিত সমস্যা

৫৩. জলবায়ু পরিবর্তন এখন একটি— /ব. বো. '১০/
ক আঞ্চলিক সমস্যা  খ বৈশ্বিক সমস্যা
গ জাতীয় সমস্যা  ঘ স্থানীয় সমস্যা  **খ**

৫৪. কারা হিমালয়ের হিমবাহ দ্রুত গলনের পিছনে পৃথিবীর তাপমাত্রা দ্রুতহারে বাড়ার প্রভাব রয়েছে বলে মনে করেন? [জ্ঞান]
ক পরিবেশবিদরা  খ বিজ্ঞানীরা
গ সমাজবিদরা  ঘ মহাকাশবিদরা  **খ**

৫৫. গ্রিনহাউজ ইফেক্ট ছাড়া পৃথিবী কত ডিগ্রি শীতল থাকতো? [জ্ঞান]
ক ৩৫°  খ ৩১°
গ ৩৩°  ঘ ৪৩°  **গ**

৫৬. সারা পৃথিবীতে জলবায়ু পরিবর্তনের মূল কারণ কী? [জ্ঞান]
ক গাছ কেটে ফেলা  খ খরা
গ উষ্ণতা  ঘ গ্রিনহাউস গ্যাস  **ঘ**

৫৭. একটি দেশের মোট আয়তনের শতকরা কতভাগ বনভূমি থাকা দরকার? [অনুধাবন]
ক ৩০  খ ২৫
গ ২০  ঘ ১৬  **খ**

৫৮. ২০০৭ সালের ১৫ই নভেম্বর সংঘটিত দুর্যোগটির নাম কী? [জ্ঞান]
ক আইলা  খ নার্গিস
গ সিডর  ঘ সুনামি  **গ**

৫৯. জলবায়ু পরিবর্তনের প্রভাব হলো— /চ. বো. '১০/
i. গড় তাপমাত্রা বৃদ্ধি
ii. সুপেয় পানির পর্যাপ্ততা
iii. ঘূর্ণিঝড়ের সংখ্যা বৃদ্ধি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii  **খ**

teachingbd.com

নিচের উদ্দীপকটি পড়ো এবং ৬০ ও ৬১ নং প্রশ্নের উত্তর দাও।

সম্প্রতি একদল গবেষক এন্টার্কটিকা মহাদেশে দেখতে পান বরফ গলার পরিমাণ বেড়ে গেছে। এই ঘটনায় তারা গভীর উদ্বেগ প্রকাশ করেন এবং এই হতে উত্তরণের জন্য আন্তর্জাতিক সম্প্রদায়কে এগিয়ে আসার আহ্বান জানান। /ব. বো. ১৫/

৬০. উপরোল্লিখিত ঘটনার ফলে বাংলাদেশের ওপর কী ধরনের প্রভাব পড়তে পারে?
- ক) মরুকরণ প্রক্রিয়া ত্বরান্বিত হবে
- খ) ভূ-গর্ভস্থ পানির স্তর হ্রাস পাবে
- গ) ভূমিকম্প বৃদ্ধি পাবে
- ঘ) নিম্নাঞ্চল নিমজ্জিত হবে — **ঘ**

৬১. উদ্দীপকে বর্ণিত ঘটনা প্রতিরোধে নাগরিকের করণীয় হলো—
- i. গ্রিন হাউস গ্যাস নিঃসরণ কমাতে হবে
- ii. বনায়ন বৃদ্ধি করতে হবে
- iii. নবায়নযোগ্য শক্তির ব্যবহার বৃদ্ধি করতে হবে

নিচের কোনটি সঠিক?
- ক) i ও ii　খ) i ও iii
- গ) ii ও iii　ঘ) i, ii ও iii — **ঘ**

## ★ এইডসের ধারণা ও লক্ষণ

৬২. এইডস প্রতিরোধের উপায় কী? /পল্লী উন্নয়ন একাডেমী ল্যাব: স্কুল এন্ড কলেজ, বগুড়া/
- ক) প্রতিরোধক ইনজেকশন ব্যবহার করা
- খ) আচরণে সমাজ নির্ধারিত আদর্শ মেনে চলা
- গ) এইডস রোগীর সংস্পর্শে না যাওয়া
- ঘ) বিদেশ যাওয়া বন্ধ করা — **খ**

৬৩. বর্তমানে কতজন লোক প্রতিদিন AIDS-এ আক্রান্ত হচ্ছেন? [জ্ঞান]
- ক) ১৪,০০০　খ) ১০,০০০
- গ) ৮,০০০　ঘ) ২১,০০০ — **ক**

৬৪. কোন মাধ্যমে HIV-এর ঘনত্ব অত্যন্ত কম? [অনুধাবন]
- ক) বীর্য　খ) যোনিরস
- গ) মূত্র　ঘ) স্তনের দুধ — **গ**

৬৫. ২০০২ সালে কোন প্রতিষ্ঠান AIDS এর ওপর একটি পরিসংখ্যান উপস্থাপন করে? [জ্ঞান]
- ক) স্বাস্থ্য মন্ত্রণালয়　খ) স্বাস্থ্য অধিদপ্তর
- গ) ইউনিসেফ　ঘ) বিবিএস — **ক**

৬৬. বিশ্ব এইডস দিবস কত তারিখে? [জ্ঞান]
- ক) ১ আগস্ট　খ) ১ সেপ্টেম্বর
- গ) ১ নভেম্বর　ঘ) ১ ডিসেম্বর — **ঘ**

৬৭. ২০০১ সাল পর্যন্ত বাংলাদেশে HIV বহনকারীর সংখ্যা কত ছিল? [জ্ঞান]
- ক) ৮৮　খ) ১৮৮
- গ) ২৮৮　ঘ) ৩৮৮ — **খ**

৬৮. ১৫-২৪ বছর বয়সী প্রায় কত লোকের AIDS সম্পর্কে সুস্পষ্ট ধারণা নেই? [জ্ঞান]
- ক) ২ কোটির ওপর　খ) ৩ কোটির উর্ধ্বে
- গ) ৪ কোটির নিচে　ঘ) ৫ কোটির নিচে — **খ**

৬৯. বাংলাদেশে শতকরা কতভাগ যৌনকর্মী HIV দ্বারা সংক্রমিত? [জ্ঞান]
- ক) ৫%　খ) ৬%
- গ) ৭%　ঘ) ১১% — **খ**

৭০. শতকরা কত ভাগ মোটরশ্রমিক ও রিকশাচালক এইডস সম্পর্কে অজ্ঞ? [জ্ঞান]
- ক) ৮০%　খ) ৯০%
- গ) ৯৬%　ঘ) ৯৯% — **ঘ**

৭১. এইডস এর চরম পরিণতি কোনটি? [অনুধাবন]
- ক) মৃত্যু　খ) স্বাস্থ্যহানি
- গ) কর্মহীন অবস্থা
- ঘ) রোগ প্রতিরোধ ক্ষমতা হ্রাস — **ক**

৭২. এইডসের প্রভাব হলো— /সি. বো. ১৫/
- i. আতঙ্ক
- ii. গড় বয়স হ্রাস পাওয়া
- iii. জনসংখ্যার প্রতি হুমকি

নিচের কোনটি সঠিক?
- ক) i　খ) ii
- গ) iii　ঘ) i, ii ও iii — **ঘ**

নিচের উদ্দীপকটি পড়ো এবং ৭৩ ও ৭৪ নং প্রশ্নের উত্তর দাও:

জনাব পাটোয়ারী তার নাতিকে সাথে নিয়ে টেলিভিশনে স্বাস্থ্য বিষয়ক অনুষ্ঠান দেখতেছিলেন। তারা দেখতে পেলেন এইডস (AIDS) বিষয়ক একটি প্রতিবেদন প্রচারিত হচ্ছে। প্রতিবেদনটি দেখে তারা রোগটি সম্পর্কে বিস্তারিত জানতে পারলেন। /ব. বো. ১৫/

৭৩. উদ্দীপকে বর্ণিত রোগটি কীভাবে ছড়ায়?
- ক) রক্তের মাধ্যমে
- খ) হাঁচি ও কাশির মাধ্যমে
- গ) একই থালা-বাসন ব্যবহার করলে
- ঘ) একই বাড়িতে বসবাস করলে — **ক**

৭৪. উদ্দীপকে বর্ণিত রোগটির প্রতিরোধে নাগরিকের করণীয়—
- i. ধর্মীয় অনুশাসন মেনে চলা
- ii. নিরাপদ রক্ত আদান-প্রদান
- iii. এইডস সম্পর্কে সচেতনতা সৃষ্টি

নিচের কোনটি সঠিক?
- ক) i ও ii　খ) i ও iii
- গ) ii ও iii　ঘ) i, ii ও iii — **ঘ**

নিচের অনুচ্ছেদটি পড়ে ৭৫ ও ৭৬ নং প্রশ্নের উত্তর দাও

অমিতাভ একজন সাধারণ শ্রমিক। দীর্ঘদিন ধরে তার পাতলা পায়খানা হচ্ছে। কিন্তু কোনো ধরনের চিকিৎসায় তার এ রোগ সারছে না। ডাক্তার তার রক্ত পরীক্ষা করলে জানা যায় তার AIDS হয়েছে।

৭৫. নিচের কোনটি অমিতাভের করা উচিত হবে না? [প্রয়োগ]
- ক) তার ব্যবহৃত কাপড় ভিক্ষুককে দান করা
- খ) তার অর্জিত অর্থ এতিমখানায় দান করা
- গ) তার কিডনি অন্যকে দান করা
- ঘ) অন্যের সাথে কথা বলা — **গ**

৭৬. অমিতাভের সাথে আমরা আচরণ করব — [উচ্চতর দক্ষতা]
- i. তাকে এড়িয়ে চলব
- ii. আন্তরিক ও সৌহার্দ্যপূর্ণ
- iii. তাকে মানসিকভাবে প্রফুল্ল রাখব

নিচের কোনটি সঠিক?
- ক) i ও iii　খ) ii ও iii
- গ) i ও iii　ঘ) i, ii ও iii — **খ**

http://teachingbd.com